গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।

(রাজস্ব শাখা)

www.kurigram.gov.bd

বিষয়ঃ ভূ-সম্পত্তি জবরদখল বিষয়ে অভিযোগ গ্রহন এবং তদন্ত সংক্রান্ত কার্যক্রম মনিটরিং করার জন্য গঠিত জেলা কমিটির সভার কার্যবিবরণী ।

সভাপতিঃ জনাব মোছাঃ সুলতানা পারভীন
জেলা প্রশাসক, কুড়িগ্রাম ।

সভার তারিখঃ ২৪/০৩/২০১৯ খ্রিঃ

সময়ঃ সকাল-১০.১৫ টা

স্থানঃ জেলা প্রশাসক, কুড়িগ্রামের সম্মেলনকক্ষ ।

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট “ক” ।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয় । সভাপতির নির্দেশনা অনুযায়ী রেভিনিউ ডেপুটি কালেক্টর গত ২৪/০২/২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ পাঠ করে শোনান । কোনো সংশোধনী না থাকায় কার্যবিবরণী দৃঢ় করা হয়। পরে নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ।

১। হাট চান্দিনা ভিটিতে অবৈধ দখল সংক্রান্তঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ১। সহকারী কমিশনার (ভূমি), কুড়িগ্রামগণ হাট-বাজারের চান্দিনা ভিটিতে অবৈধভাবে গড়ে উঠা দোকান-পাট বা ব্যবসা প্রতিষ্ঠান উচ্ছেদের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে বিস্তারিত আলোচনা হয়। একইসঙ্গে এ বিষয়টিও আলোচনা করা হয় যে, যদি অবৈধভাবে গড়ে উঠা দোকান-পাটের মালিকগণ সমঝোতার মাধ্যমে প্রতিষ্ঠাকালীন সময় থেকে চান্দিনা ভিটি একসনা ভিত্তিতে নীতিমালানুসারে লীজ গ্রহণে আগ্রহী থাকে তাহলে বিষয়টি সেভাবেও সমাধান করা যায়। একসনা বন্দোবস্ত প্রদানের নিমিত্ত আগ্রহীদের নিকট হতে আবেদন গ্রহণপূর্বক একসনা বন্দোবস্ত কেস নথি সৃজন করে এ কার্যালয়ে প্রেরণের জন্য সভাপতি অনুরোধ জানান। | ১। হাট-বাজারের চান্দিনা ভিটিতে অবৈধভাবে গড়ে উঠা দোকান-পাট উচ্ছেদ কার্যক্রম হাতে নিতে হবে। নতুবা সমঝোতার ভিত্তিতে অবৈধভাবে গড়ে উঠা দোকান মালিকগণ নীতিমালা মোতাবেক লীজ গ্রহণে আগ্রহী হলে প্রতিষ্ঠাকালীন থেকে তা লীজ প্রদানের বিষয়ে পদক্ষেপ গ্রহণ করার সিদ্ধান্ত হয়। | ১। সহকারী কমিশনার (ভূমি), সকল, কুড়িগ্রাম। |
| ২। সভায় উচ্ছেদ কেস নং ০১/১৬ ও ০২/১৬ বিষয়ে আলোচনা করা হয় । আলোচনায় জানা যায় উচ্ছেদ কেস নং ০১/১৬ ও ০২/১৬ কুড়িগ্রাম সদর এর মূল নথি উচ্ছেদের নিমিত্ত জে এম শাখা বরাবর প্রেরণ করা হয়। জে, এম শাখা হতে গত ১৯/১২/২০১৮ তারিখের ১২৪৭ নং স্মারকে অবৈধ দখলদার উচ্ছেদের জন্য জনাব মোঃ ময়নুল ইসলাম, সহকারী কমিশনার ভূমি, কুড়িগ্রাম সদরকে নিয়োগ করা হয়েছে। | ২। উচ্ছেদের কার্যক্রম গ্রহণ করতে হবে। | ২। সহকারী কমিশনার (ভূমি), কুড়িগ্রাম সদর। |
| ৩। সরকারি খাস জমি থেকে অবৈধ দখলদার উচ্ছেদের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে গেলে অবৈধ দখলকারীগণ তাদের অবৈধ দখলকে পাকাপোক্ত করার জন্য বিজ্ঞ সহকারী জজ আদালত, ভূরুঙ্গামারীতে উচ্ছেদ কেসের বিরুদ্ধে ৪৭/০৬, ৪৮/০৬, ৩৩/০৬ ও ৩৯/০৬ নং অন্য মোকদ্দমা দায়ের করেন। সে মামলাগুলো বর্তমানে কি অবস্থায় আছে এবং এ কার্যালয়ের করণীয় কি? এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ৩। আলোচিত মামলাসমূহের বিষয়ে খোঁজ খবর নিয়ে এ কার্যালয়কে বিস্তারিতভাবে জানানোর জন্য সহকারী কমিশনার(ভূমি), ভূরুঙ্গামারী জরুরী ভিত্তিতে পদক্ষেপ গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ৩। সহকারী কমিশনার (ভূমি), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম ও সহকারী কমিশনার, আর এম শাখা কুড়িগ্রাম। |

চলমান পাতা-২

২। সরকারের বিভিন্ন বিভাগ/ দপ্তরের মালিকানাধীনভূ-**সম্পত্তিজবরদখলওঅবৈধদখলসংক্রান্তঃ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| বিভিন্ন বিভাগের আওতাধীন সরকারি সম্পত্তিতে ৮৮ জন অবৈধ দখলদারদের উচ্ছেদ বিষয়ে রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম জানান যে, সংশ্লিষ্ট বিভাগ থেকে এখনও কোন উচ্ছেদ কেস নথি সৃজন করে প্রেরণ করেননি। সভাপতি সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষকে তাদের মালিকানার সম্পত্তিতে অবৈধ দখলদারদের উচ্ছেদের নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন। | ১। সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষ তাদের মালিকানা জমিতে অবৈধ দখলদারদের উচ্ছেদ করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | ১। প্রধাননির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, কুড়িগ্রাম/ নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, কুড়িগ্রাম/সহকারী কমিশনার (ভূমি), কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম। |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

স্বাক্ষরিত
( মোছাঃ সুলতানা পারভীন )
জেলা প্রশাসক
কুড়িগ্রাম ।